

স্নাতকোত্তর অন্ত্য সিমেন্টার পরীক্ষা, ২০১৭

(প্রথম বর্ষ, দ্বিতীয় সিমেন্টার)

বাংলা

বাংলা সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস, আধুনিক যুগ

কোর্স পি. জি. - ২.১

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

প্রতিটি বিভাগ থেকে অন্তত একটি প্রশ্নের উত্তরসহ মোট

তিনটি প্রশ্নের উত্তর দাও।

বিভাগ - ক

১. আঠারো শতকের শেষভাগে কলকাতা-কেন্দ্রিক যে নাগরিক সংস্কৃতি গড়ে ওঠে তার প্রধান প্রবণতাগুলি আলোচনা করো। ১০
২. উনিশ শতকে মুসলমান মধ্যশ্রেণির বিলম্বিত আত্মপ্রকাশের কারণগুলি সংক্ষেপে আলোচনা করো। এই বিলম্বিত আত্মপ্রকাশই কি তাঁদের আত্মপরিচয়ের খোঁজকে অনিবার্য করে তুলেছিল? যে কোনো একজন সাহিত্যিকের রচনা প্রসঙ্গ উল্লেখ করে বিষয়টি আলোচনা করো। ৪+৬
৩. অক্ষয়কুমার দত্ত ও দেবেন্দ্রনাথ ঠাকুরের বিখ্যাত তর্কের মধ্য দিয়ে উনিশ শতকের বাঙালি হিন্দুর দুটি পৃথক ও পরস্পরবিরোধী বৌদ্ধিক ঘরানার হৃদিশ পাওয়া যায়। বুঝিয়ে লেখো। ১০

(Turn over)

( 2 )

অথবা

৪. ব্রাহ্মধর্মান্দোলন উনিশ শতকের শেষ তিনটি দশকের অন্যতম প্রভাবশালী ঘটনা। কিন্তু বিশ শতকের গোড়া থেকে শুরু হওয়া বাংলার জাতীয়তাবাদী আন্দোলনে এই প্রভাব সীমিত, বরং রামকৃষ্ণ বিবেকানন্দের প্রভাব অনেক ব্যাপক। কেন এমন হল বলে তুমি মনে করো? ১০
৫. বাংলা গদ্যের গঠনের ইতিহাসে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কী কী কারণে স্মরণীয় হয়ে আছেন? একটি তথ্যপূর্ণ আলোচনায় এই বিষয়ে আলোকপাত করো। ১০
- ৬। উনিশ শতকে বাঙালি মানসে জাতীয়তাবাদী চিন্তার উত্থান বাংলা সাহিত্যে প্রতিফলিত হয়েছিল কি? এই সম্পর্কে তোমার অভিমত একটি আলোচনায় প্রকাশ করো। ১০

বিভাগ - খ

৭. বাংলার শিক্ষাচিন্তায় ও তৎসংক্রান্ত কার্যক্রমে বঙ্গভঙ্গবিরোধী আন্দোলন কোনো প্রভাব ফেলেছিল কি? তোমার অভিমত তথ্য সহযোগে জানাও। ১০

অথবা

৮. বঙ্কিমচন্দ্রের উপন্যাসের ছাঁচ বাংলা উপন্যাসের জগতে কীভাবে ভাঙা হয়েছিল বলে তুমি মনে করো? কোন্ উপন্যাসিক এই ব্যাপারে অগ্রগামী ছিলেন বিশদভাবে আলোচনা করো। ১০

( 3 )

৯. রবীন্দ্রবিরোধী সাহিত্য আন্দোলনে কোন্ কোন্ পত্রিকা অগ্রণী ছিল এবং কোন্ সাহিত্যিকরা এই উদ্যোগে এগিয়ে এসেছিলেন? এই আন্দোলনের কোনো প্রয়োজনীয়তা ছিল কি? তোমার অভিমত একটি সংক্ষিপ্ত আলোচনায় জানাও। ১০

- ১০ক. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসে শুধু আঞ্চলিকতা নয়, দুটি ভাবধারার দ্বন্দ্বই প্রধান।--এই অভিমত তুমি মানবে কি? তারাশঙ্করের উপন্যাসগুলি অবলম্বনে তোমার সিদ্ধান্ত স্পষ্ট করো। ১০

অথবা

- ১০খ. বিভূতিভূষণ ও মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসে বাস্তবতার ভিন্ন ভিন্ন নির্মাণকে তুমি কীভাবে ব্যাখ্যা করবে? এই বিষয়ে একটি তথ্যপূর্ণ আলোচনা করো। ১০

— X —